



রূপগঞ্জে শিক্ষিকাকে মারধরের অভিযোগ বিএনপি নেতার বিরুদ্ধে



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে বিদ্যালয়ের ভেতরে এক শিক্ষিকাকে চড়াপাল্লায় মারার অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা আফজাল মোল্লার বিরুদ্ধে। বুধবার (১৪ অক্টোবর) দুপুরে কালনী হিড়নাল উচ্চ বিদ্যালয়ের প্রধান পাঠাগার কক্ষে এ ঘটনা ঘটে। ঘটনার সিসিটিভি ফুটেজ সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছে। ভুক্তভোগী শিক্ষিকা একরামুনন্নেছা বিউটির অভিযোগ, ২০২৪ সালের আগস্টে একটি প্রাথমিক বিদ্যালয়ের কমিটি গঠন নিয়ে বিরোধের জেরে তাকে মারধর ও লাঞ্ছিত করেন আফজাল মোল্লা। এ সময় বাধা দিতে গেলে অন্য শিক্ষকদেরও গালিগালাজ করা হয় বলে দাবি তাঁর। অভিযুক্ত আফজাল মোল্লা দাউদপুর ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড বিএনপির সভাপতি। এ বিষয়ে জানতে চাইলে তিনি ওই শিক্ষিকাকে আওয়ামী লীগের দালাল বলে আখ্যা দেন। ঘটনাটি তদন্ত করা হচ্ছে বলে জানিয়েছেন রূপগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম আব্দুল্লাহ বিন শফিক।

LENS ASIA